মন্ত্রিপরিষদ বিভাগের আগস্ট ২০১৬ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: **মন্ত্রিপরিষদ বিভাগ**

প্রতিবেদনাধীন মাসের নাম: **আগস্ট ২০১৬** প্রতিবেদন প্রস্তুতের তারিখ: **১৮ সেপ্টেম্বর ২০১৬**

(১) প্রশাসনিক:

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ**	২৪৫	২০২	৪৩
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন**	১,২৬৪	৯১২	৩৫২
মোট	**১,৫০৯**	**১,১১৪**	**৩৯৫**

ক. ২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	০৬	১৩	১৩	১১	৪৩
দুর্নীতি দমন কমিশন	-	-	৪৮	৩২	১৩৭	০৩	২২০*

* সুপারনিউমারারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা

ক্রমিক	মন্ত্রণালয়/বিভাগ	গুরুত্বপূর্ণ শূন্যপদের নাম	গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা	মোট গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা
১।	**মন্ত্রিপরিষদ বিভাগ**	-	-	-
২।	**দুর্নীতি দমন কমিশন**	-	-	-

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	-	-	-	-	-	-	-

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/উপমন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	১৫ আগস্ট ২০১৬ তারিখ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪১তম শাহাদত বার্ষিকী উপলক্ষে প্রধানমন্ত্রীর সফরসঙ্গী হিসাবে গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া সফর করেন।	International Conference on Blue Ocean Strategy (ICBOS) & Commonwealth Association for Public Administration and Management (CAPAM) Biennial Conference 2016 -এ অংশগ্রহণের জন্য ১৬-২০ আগস্ট ২০১৬ মেয়াদে মালয়েশিয়া সফর করেন।	-
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

(২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক (কেবল অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত :

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	বর্তমান অর্থ-বছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)	প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার	প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা	প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
জাতীয় শুদ্ধাচার কৌশল সহায়তা প্রকল্প	৫.৮৬	০.৩৭২২ (৬.৩৫%)	-	-	-
Building Capacity for the Use of Research Evidence (BCURE)	সর্বমোট ৮.১৩ ডিপিএ: ৮.০৯ জিওবি: ০.০৪	০.৪৬৮৪ (৫.৮%)	-	-	-
Social Security Policy Support (SSPS) Programme	১৯.৭২ (DPA) ০.৩৩ (GoB)	৩.১৮ (১৬%)	-	-	-

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত :

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

(৫) **উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে পূরণ করতে হবে):** প্রযোজ্য নয়।

(৬) **প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান:** প্রযোজ্য নয়।

(৭) **অডিট আপত্তি**

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/সংস্থার নাম	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশিটে জবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	১১টি	০.৩৬৪	-	-	১১টি	২০১৩-১৫ (তিন) অর্থ-বছরের নিরীক্ষাকার্য আগস্ট ২০১৫ মাসে সম্পন্ন হয়। উক্ত নিরীক্ষাকার্যে নিরীক্ষকদল কর্তৃক চারটি অডিট আপত্তি উত্থাপন করা হয়। তন্মধ্যে একটি আপত্তির বিপরীতে ১৩,৩৮৬ টাকা সরকারি রাজস্ব ক্ষতি হিসাবে উল্লেখ করা হয়। অবশিষ্ট তিনটি অডিট আপত্তি আর্থিক অনিয়ম সংক্রান্ত। উক্ত আপত্তি চারটি নিষ্পত্তির লক্ষ্যে স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরে ৫ অক্টোবর ২০১৫ তারিখে ব্রডশিট জবাব প্রেরণ করা হয়, কিন্তু অদ্যাবধি জবাব পাওয়া যায়নি। এছাড়া, বর্তমানে মন্ত্রিপরিষদ বিভাগে সাতটি অডিট আপত্তি সংক্রান্ত একটি মামলা রয়েছে (মামলা নম্বর ৭/২০০০), যা ঢাকার চতুর্থ সহকারী জজ আদালতে বিচারাধীন আছে।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকূলীয় দ্বীপাঞ্চল উন্নয়ন বোর্ড	১৭টি	২৮৩.১৫	-	-	১৭টি	ত্রিপক্ষীয় অডিট কমিটির সভা অনুষ্ঠানের মাধ্যমে আপত্তিসমূহ নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে।
দুর্নীতি দমন কমিশন	০৪টি	৭০০.০০	০৪	-	০৪টি	-
মোট	**৩২টি**	**৯৮৩.৫১৪**	**০৪**	**-**	**৩২টি**	**-**

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে-সব কেইসের তালিকা: **নেই।**

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থ-বছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
		চাকরিচ্যুতি/বরখাস্ত	অন্যান্য দন্ড	অব্যাহতি		
১	২	৩	৪	৫	৬	৭
*মন্ত্রিপরিষদ বিভাগ-০১	-	-	-	-	০১	-
দুর্নীতি দমন কমিশন-১৭	-	০১	-	০১	১৫	০৫

*** প্রশাসনিক ট্রাইব্যুনাল/প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনালে চলমান মামলার সকল নথি এ বিভাগের আইন শাখায় স্থানান্তর করা হয়েছে।**

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/সংস্থা	ক্রমিক	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/ এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
মন্ত্রিপরিষদ বিভাগ	১।	International Conference on Blue Ocean Strategy (ICBOS) & Commonwealth Association for Public Administration and Management (CAPAM) Biennial Conference 2016 স্থান: মালয়েশিয়া	১৬-২০ আগস্ট ২০১৬	Malaysian Technical Cooperation Programme (MTCP)	**এক জন** জনাব রিয়াসাত আল ওয়াসিফ সিনিয়র সহকারী সচিব
	২।	পাবলিক প্রকিউরমেন্ট ম্যানেজমেন্ট স্থান: ঢাকা	২১-২৫ আগস্ট ২০১৬	বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)	**চার জন** ১। উপসচিব ২। সহকারী সচিব ৩। সিনিয়র সহকারী সচিব ৪। সহকারী প্রধান
দুর্নীতি দমন কমিশন	১।	Executive Certificate Course for Strategic Managment of Anti-Corruption Programme	০৮-১৯ আগস্ট ২০১৬	মালয়েশিয়া	একজন

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা: নেই।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: হ্যাঁ আছে; কোন অসুবিধা নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: দুই জন।

(১০) **উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সংকট:**

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: নেই।

খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) প্রতিবেদনাধীন মাসে মন্ত্রিসভার চারটি, মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্তঃমন্ত্রণালয় সভা ছয়টি সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির চারটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির চারটি সভা অনুষ্ঠিত হয়।

(২) প্রতিবেদনাধীন মাসে মন্ত্রিসভা-বৈঠকসমূহে ৩০টি সিদ্ধান্ত গৃহীত হয়। এর মধ্যে ১৬টি বাস্তবায়িত হয় এবং ১৪টি সিদ্ধান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে।

(৩) জাতীয় শোক দিবস, ২০১৬ উপলক্ষে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ঢাকায় আয়োজিত কর্মসূচির জন্য লজিস্টিক সাপোর্ট প্রদান করা হয়।

(৪) সাধারণ শাখার সার্বিক তত্ত্বাবধানে ১৫ আগস্ট ২০১৬ তারিখ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪১তম শাহাদত বার্ষিকী যথাযোগ্য মর্যাদায় সারাদেশে পালন করা হয়।

(৫) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ আবদুল হামিদ সরকারি সফরে ২৮ আগস্ট ২০১৬ তারিখ রবিবার ১০১৫ ঘটিকায় বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিজি-০০৫ ভিভিআইপি ফ্লাইটযোগে লন্ডন, যুক্তরাজ্যের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন। মহামান্য রাষ্ট্রপতির প্রস্থানকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।

(৬) ২৮ আগস্ট ২০১৬ তারিখে বিভাগীয় কমিশনারগণের মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ২৮টি সিদ্ধান্ত গৃহীত হয়।

(৭) ১৮টি পত্র পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা হয়েছে। এ ছাড়া, প্রশাসন ও বিধি অনুবিভাগের অন্যান্য শাখার প্রতিবেদন শূন্য।

(৮) আইনশৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ১৩ম সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন এবং এ সংক্রান্ত কমিটি কর্তৃক গৃহীত কার্যক্রমের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ০২ আগস্ট ২০১৬ তারিখে সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসককে অনুরোধ করা হয়।

(৯) দেশে ভেজাল জ্বালানি তেলের বিস্তাররোধ ও বিধি-বহির্ভূত ক্রয়-বিক্রয় বন্ধের লক্ষ্যে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত কার্যক্রম পরিবীক্ষণের লক্ষ্যে এ বিষয়টি বিভাগীয় কমিশনারগণের মাসিক সমন্বয় সভার আলোচ্যসূচিতে অন্তর্ভূক্ত করার জন্য ০৪ জুলাই ২০১৬ তারিখে সকল জেলা প্রশাসককে অনুরোধ করা হয়।

(১০) মায়ানমার জেল হাজতে থাকা আটক বাংলাদেশী নাগরিকদের দেশে ফেরত আনার আবেদন সংক্রান্তে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ০৪ জুলাই ২০১৬ তারিখে বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, ইয়াংগন, মায়ানমারকে পত্র প্রেরণ করা হয়।

(১১) ডিপ্লোমেটিক ব্যাগে পত্র/তথ্য প্রেরণ সংক্রান্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ০৪ আগস্ট ২০১৬ তারিখে সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়।

(১২) জেলা ম্যাজিস্ট্রেট, ঝিনাইদহ কর্তৃক থানা পরিদর্শন প্রতিবেদনের মতামতের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ০৯ আগস্ট ২০১৬ তারিখে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়।

(১৩) ই-মোবাইল কোর্ট সিস্টেম বাস্তবায়নের লক্ষ্যে প্রশিক্ষক-প্রশিক্ষণ (TOT) কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়নের বিষয়ে কর্মকর্তাদের তথ্য প্রেরণসহ ০৯ আগস্ট ২০১৬ তারিখে জেলা প্রশাসক, নেত্রকোণা, শরীয়তপুর, ঢাকা, নরসিংদী, কিশোরগঞ্জ, নওগাঁ, খাগড়াছড়ি, নাটোর ও রাঙ্গামাটি বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৪) জুন ২০১৬ মাসের পরিসংখ্যান অনুযায়ী কারাগারের আটক শিশু-কিশোরদের মুক্তির লক্ষ্যে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য ১৭ আগস্ট ২০১৬ তারিখে জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট, ফেনী ও রংপুর বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৫) জুন ২০১৬ মাসের প্রতিবেদন অনুযায়ী মোবাইল কোর্ট পরিচালনার প্রমাপ অর্জনের জন্য অভিনন্দন জ্ঞাপন করে ২২ আগস্ট ২০১৬ তারিখে জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা এবং কুমিল্লা বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৬) ই-মোবাইল কোর্ট বিষয়ক প্রশিক্ষক-প্রশিক্ষণে অংশগ্রহণকারী কর্মকর্তাদের আবাসন সংক্রান্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ২৮ আগস্ট ২০১৬ তারিখে মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম)

ফাউন্ডেশন, ঢাকা এবং উপপরিচালক, আঞ্চলিক লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (আরপিএটিসি), নিউ ইস্কাটন, ঢাকা বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৭) আনোয়ারা উপজেলাস্থ সিইউএফএলের ডিএপি প্লান্টের বিষাক্ত অ্যামোনিয়া গ্যাস রিজার্ভার ট্যাংকের দুর্ঘটনা সংক্রান্ত জেলা প্রশাসক, চট্টগ্রাম কর্তৃক প্রেরিত প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ২৯ আগস্ট ২০১৬ তারিখে সিনিয়র সচিব, শিল্প মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৮) ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধের সময় পাক হানাদার বাহিনী ও তাদের সহযোগী শান্তি কমিটি, রাজাকার, আল-বদর ও আল-শামস বাহিনী কর্তৃক মানবতাবিরোধী অপরাধসহ অন্যান্য অপরাধের তদন্ত কাজে সহায়তার জন্য তথ্য-উপাত্ত প্রেরণ সংক্রান্তে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ২৯ আগস্ট ২০১৬ তারিখে জেলা প্রশাসক, নেত্রকোণা বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৯) আগস্ট ২০১৬ মাসের বিভাগীয় কমিশনারগণের মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ০১ সেপ্টেম্বর ২০১৬ তারিখে সকল জেলা ম্যাজিস্ট্রেটকে অনুরোধ করা হয়।

(২০) দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বিভিন্ন মামলায় চার্জশিট ১৭ জন, নথিভুক্তির জন্য ১৫ জন সরকারি কর্মকর্তার/কর্মচারীর বিষয়ে অবগত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য বিভিন্ন স্মারকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়।

(২১) বিভিন্ন আইনে ২৫ জন কর্মকর্তাকে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট-এর ক্ষমতা এবং মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা/ডেপুটি কমিশনারের ক্ষমতা অর্পণ করা হয়।

(২২) আগস্ট ২০১৬ মাসে সর্বমোট ৫৫টি পত্র পাওয়া গেছে, যার ৫০টি নিষ্পত্তি করা হয় এবং ০৫টি অনিষ্পন্ন রয়েছে। এ ছাড়া, এ শাখা হতে সর্বমোট ৪২টি স্মারকের মাধ্যমে ১১৮টি পত্র জারি করা হয়।

(২৩) বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণ জুলাই ২০১৬ মাসে প্রমাপ অনুযায়ী ভ্রমণ, রাত্রিযাপন, পরিদর্শন, দর্শন করেছেন। এ জন্য প্রমাপ অর্জন এবং পরিদর্শন ও রাত্রিযাপন প্রতিবেদন প্রেরণের এ ধারা অব্যাহত রাখা জন্য অনুরোধ করা হয়। জেলা প্রশাসকগণের পরিদর্শনের বিষয়টি মন্ত্রিপরিষদ বিভাগের KPI (Key Performance Indicators)-ভুক্ত এবং এ মাসে KPI-এর লক্ষ্যমাত্রা অর্জিত হয়।

(২৪) ২৬-৩০ সেপ্টেম্বর ২০১৬ মেয়াদে ইতালির স্যান রেমোতে International Institute of Humanitarian Law-এর সহায়তায় আন্তর্জাতিক অভিবাসন আইন (IML)-এর ওপর অনুষ্ঠেয় কোর্সে জনাব মোঃ আলী হোসেন, জেলা প্রশাসক, কক্সবাজারকে অংশগ্রহণের অনুমতি প্রদানের বিষয়ে শর্ত সাপেক্ষে এই বিভাগের সম্মতি সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় বরাবরে জ্ঞাপন করা হয়।

(২৫) জেলা প্রশাসক, শরীয়তপুর জনাব মোঃ মাহমুদুল হোসেইন খান-এঁর অনুকূলে ১৬ আগস্ট ২০১৬ হতে ৩০ আগস্ট ২০১৬ মেয়াদে অথবা ছুটি ভোগের তারিখ হতে ১৫ (পনের) দিন; এবং জেলা প্রশাসক, নেত্রকোণা ড. মোঃ মুশফিকুর রহমান-এঁর অনুকূলে ১৭ আগস্ট ২০১৬ হতে ৩১ আগস্ট ২০১৬ মেয়াদে অথবা ছুটি ভোগের তারিখ হতে ১৫ (পনের) দিন শ্রান্তি ও বিনোদন ছুটি এবং ভাতা মঞ্জুরের বিষয়ে শর্ত সাপেক্ষে এ বিভাগের সম্মতি সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়কে জ্ঞাপন করা হয়।

(২৬) মঞ্জুরকৃত বহিঃবাংলাদেশ ছুটিতে ০২.৯.২০১৬ তারিখ হতে ১৫ (পনের) দিন যুক্তরাজ্য ভ্রমণের নিমিত্ত জনাব মোঃ জয়নাল আবেদীন, জেলা প্রশাসক, সিলেটকে কর্মস্থল ত্যাগের অনুমতি প্রদান করা হয়।

(২৭) জেলা প্রশাসক, ঝিনাইদহ জনাব মোঃ মাহবুব আলম তালুকদার-এঁর অনুকূলে সিঙ্গাপুর ভ্রমণের নিমিত্ত ০১ সেপ্টেম্বর ২০১৬ হতে ১৫ সেপ্টেম্বর ২০১৬ মেয়াদে বহিঃবাংলাদেশ অর্জিত ছুটি মঞ্জুরে বিষয়ে শর্ত সাপেক্ষে এই বিভাগের সম্মতি সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়কে জ্ঞাপন করা হয় এবং ০৪ - ১৮ সেপ্টেম্বর ২০১৬ মেয়াদে মঞ্জুরকৃত বহিঃবাংলাদেশ অর্জিত ছুটিতে সপরিবারে সিঙ্গাপুর ভ্রমণের নিমিত্ত তাঁকে কর্মস্থল ত্যাগের অনুমতি প্রদান করা হয়।

(২৮) ১০ আগস্ট ২০১৬ হতে ১৮ আগস্ট ২০১৬ মেয়াদে ইন্দোনেশিয়া ও মালয়েশিয়ায় অনুষ্ঠেয় Training Cum-Study Tour-এ অংশগ্রহণের নিমিত্ত ০৯.৮.২০১৬ তারিখ পূর্বাহ্নে কর্মস্থল ত্যাগ এবং ০৯ - ১৯ আগস্ট ২০১৬ মেয়াদে জনাব হেলালুদ্দীন আহমদ, বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগকে কর্মস্থলের বাইরে (ইন্দোনেশিয়া ও মালয়েশিয়া) অবস্থানের অনুমতি প্রদান করা হয়।

(২৯) জেলা প্রশাসক, ঢাকা জনাব মোহাম্মদ সালাহ উদ্দিন-এঁর অনুকূলে ১৬ আগস্ট ২০১৬ হতে ২২ আগস্ট ২০১৬ মেয়াদে ভারত ভ্রমণের নিমিত্ত বহিঃবাংলাদেশ অর্জিত ছুটি মঞ্জুরের বিষয়ে শর্ত সাপেক্ষে এ বিভাগের সম্মতি সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবরে জ্ঞাপন করা হয়।

(৩০) বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম বিভাগ-এর দুইজন অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সরকারের যুগ্মসচিব)-এঁর ব্যবহৃত পুরনো গাড়ির পরিবর্তে দুটি নতুন পাজেরো স্পোর্টস গাড়ি বরাদ্দ প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়।

(৩১) জনাব বদরে মুনির ফেরদৌস, জেলা প্রশাসক, নোয়াখালীকে ২৪ আগস্ট ২০১৬ হতে ০৩ সেপ্টেম্বর ২০১৬ মেয়াদে মঞ্জুরিকৃত শ্রান্তি ও বিনোদন ছুটি ভোগ এবং কর্মস্থল ত্যাগের অনুমতি প্রদান করা হয়।

(৩২) মাননীয় প্রধানমন্ত্রী মাঠপর্যায়ের আইনশৃঙ্খলা পরিস্থিতি, প্রশাসনিক বিষয়াবলি ও উন্নয়ন কার্যক্রম পরিবীক্ষণ এবং প্রয়োজনীয় দিক্-নির্দেশনা প্রদানের বিষয়ে বিভাগ/জেলা/উপজেলা পর্যায়ে অনুষ্ঠেয় মাসিক সভার তারিখ সুনির্দিষ্টকরণ সংক্রান্ত মাননীয় প্রধানমন্ত্রীর সঙ্গে ভিডিও কনফারেন্সিং সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগের ১৫ জানুয়ারি ২০১৫ তারিখে আংশিক সংশোধনক্রমে একটি পরিপত্র জারি করা হয়।

(৩৩) ০২ - ১৭ সেপ্টেম্বর ২০১৬ মেয়াদে মঞ্জুরকৃত বহিঃবাংলাদেশ অর্জিত ছুটিতে ভারত ভ্রমণের নিমিত্ত জনাব মোঃ জাহিদুল ইসলাম, জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জকে কর্মস্থল ত্যাগের অনুমতি প্রদান করা হয়।

(৩৪) জেলা পরিষদ/উপজেলা পরিষদ/পৌরসভায় অনুষ্ঠেয় মাসিক সভার তারিখ সুনির্দিষ্টকরণ সংক্রান্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত তারিখ ব্যতীত অন্য সুবিধামত তারিখে প্রশাসক, জেলা পরিষদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং মেয়র, পৌরসভা-এঁর আহবায়ক/সভাপতিত্বে অনুষ্ঠেয় গুরুত্বপূর্ণ সভাসমূহের জন্য সুনির্দিষ্ট তারিখ নির্ধারণ করার ব্যবস্থা গ্রহণ করতে সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকাকে অনুরোধ করা হয়।

(৩৫) ০৪ – ১৮ সেপ্টেম্বর ২০১৬ মেয়াদে মঞ্জুরকৃত বহিঃবাংলাদেশ অর্জিত ছুটিতে সপরিবারে সিঙ্গাপুর ভ্রমণের নিমিত্ত জনাব মোঃ মাহবুব আলম তালুকদার, জেলা প্রশাসক, ঝিনাইদহকে কর্মস্থল ত্যাগের অনুমতি প্রদান করা হয়।

(৩৬) বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ জনাব মোঃ গাউসকে রাষ্ট্রীয় খরচে পবিত্র হজ্জ পালনের লক্ষ্যে সৌদি আরব গমনের জন্য আগামী ২৭ আগস্ট ২০১৬ হতে ২৫ সেপ্টেম্বর ২০১৬ মেয়াদে ৩০ দিনের বহিঃবাংলাদেশ অর্জিত ছুটি মঞ্জুরের বিষয়ে শর্তসাপেক্ষে এই বিভাগের সম্মতি সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকাকে জ্ঞাপন করা হয়।

(৩৭) জনাব মোঃ আনোয়ার হোসেন, যুগ্মসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ ১৩ জুলাই ২০১৬ তারিখে সিলেট জেলা পরিদর্শন করেন; জনাব হাবিবুর রহমান, উপসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ ১৮ মে ২০১৬ তারিখে বরগুনা জেলার আমতলী উপজেলা পরিদর্শন করেন। জনাব মোঃ সাইদুর রহমান, উপসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ ১২ জুন ২০১৬ তারিখে রাজবাড়ী জেলার কালুখালী উপজেলা পরিদর্শন করেন; জনাব মোহাম্মদ আব্দুল ওয়াদুদ চৌধুরী, সিনিয়র সহকারী সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ ১৫ মে ২০১৬ তারিখে সুনামগঞ্জ জেলার দিরাই উপজেলা পরিদর্শন করেন এবং জনাব মুহাম্মদ আসাদুল হক, সিনিয়র সহকারী সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ ০৫ মে ২০১৬ তারিখে পটুয়াখালী জেলার মির্জাগঞ্জ উপজেলা পরিদর্শন করে একটি প্রতিবেদন দাখিল করেন। পরিদর্শন প্রতিবেদনে উল্লিখিত মন্তব্য/সুপারিশের ওপর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে পত্র প্রেরণ করা হয়।

(৩৮) বিবেচ্য মাসে মাঠ প্রশাসনে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের ০৮ জন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেছে। পূর্বে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে ১০ জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত না হওয়ায় নথিজাত করার এবং ০১ জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিভাগীয় মামলা রুজুর জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জনপ্রশাসন মন্ত্রণালয়কে জানিয়ে দেওয়া হ।

(৩৯) জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারগণ কর্তৃক বিভিন্ন উপজেলা ভূমি অফিস, ইউনিয়ন ও পৌর ভূমি অফিস, জেলা প্রশাসকের কার্যালয়ের রাজস্ব শাখা, এল.এ শাখা, জেনারেল সার্টিফিকেট শাখা ইত্যাদি পরিদর্শনকালে প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন সম্পর্কিত প্রতিবেদন প্রেরণের জন্য ০৫টি জেলার জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৪০) বিভাগীয় কমিশনার এবং মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত জুলাই দ্বিতীয় ও আগস্টের প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দু'টি সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রী সমীপে উপস্থাপন করা হয়।

(৪১) পাক্ষিক গোপনীয় প্রতিবেদনে উপস্থাপিত এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত প্রস্তাব বাস্তবায়নের জন্য বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগ এবং সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৪২) বিশ্ব পর্যটন দিবস-২০১৬ এবং জাতীয় উৎপাদনশীল দিবস উদ্‌যাপন উপলক্ষে সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৪৩) দৌলতদিয়া-পাটুরিয়া রুটে ফেরি চলাচল বিষয়ে পানি সম্পদ এবং নৌ-পরিবহন মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৪৪) রংপুর সুগার মিলের সাহেবগঞ্জ বাণিজ্যিক খামারের জমিতে বিধি-বহির্ভূতভাবে ঘর তোলা বন্ধ ও উচ্ছেদকরণ বিষয়ে শিল্প মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৪৫) আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে সড়কপথে যাতায়াতকারী যাত্রীসাধারণের যাতায়াত নির্বিঘ্নকরণের বিষয়ে সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৪৬) সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মরণে শিক্ষা প্রতিষ্ঠানে গাছের চারা বিতরণের উদ্যোগ গ্রহণ করায় জেলা প্রশাসক, মুন্সীগঞ্জকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

(৪৭) বাংলাদেশ সরকারি কর্ম কমিশন কর্তৃক পরিচালিত বিসিএস ও অন্যান্য নিয়োগ পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য কমিটি গঠনের বিষয়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৪৮) সীমান্তবর্তী এলাকা দিয়ে প্রাণী স্বাস্থ্যের জন্য ক্ষতিকর স্টেরয়েড ও হরমোন জাতীয় ঔষধ চোরাচালান প্রতিরোধ এবং কোরবানির পশু হাটে আগত ক্রেতা-বিক্রেতা ও পশুর নিরাপত্তা নিশ্চিতকরণের বিষয়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৪৯) পার্বত্য জেলা পরিষদসমূহে ভূমি ও ভূমি ব্যবস্থাপনা এবং 'দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ কার্যক্রম পরিচালনা' সংক্রান্ত বিষয় ন্যস্তকরণ সম্পর্কিত পত্র ভূমি এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(৫০) ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক থেকে লোক ও কারুশিল্প ফাউন্ডেশনে যাওয়ার রাস্তাটি চার লেনে উন্নীতকরণের বিষয়ে স্থানীয় সরকার বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৫১) ০৩ আগস্ট ইস্তাম্বুল কর্মপরিকল্পনা (Istanbul Programme of Action-IoPA) বাস্তবায়নের লক্ষ্যে গঠিত 'সমন্বয় ও পরিবীক্ষণ' কমিটিকে সহায়তা করার জন্য গঠিত উপকমিটিকে পুনর্গঠন করা হয়।

(৫২) ০৮ আগস্ট তারিখে কুমিল্লার বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমিতে অনুষ্ঠিত সামাজিক নিরাপত্তা কর্মসূচিসমূহে অভিযোগ প্রতিকার বিষয়ক প্রশিক্ষণ মডিউল তৈরি এবং বাস্তবায়ন সংক্রান্ত কর্মশালা আয়োজনে সহায়তা প্রদান করা হয়।

(৫৩) ১০ আগস্ট তারিখে জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়নের নিমিত্ত National Institute of Local Government-NILG-এর সঙ্গে সমঝোতা স্মারক স্বাক্ষর করা সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়।

(৫৪) ২২ আগস্ট তারিখে জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়নের নিমিত্ত কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটি-এর অধীনে গঠিত মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক কর্ম-পরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত উপকমিটির দ্বিতীয় সভা অনুষ্ঠিত হয়।

(৫৫) ২৪ আগস্ট তারিখে জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল ও ব্র্যাক-এর অতিদরিদ্র কর্মসূচি শীর্ষক সেমিনার আয়োজন করা হয়।

(৫৬) ৮টি বিভাগে মাঠ পর্যায়ে সরকারি কর্মকর্তাদের নিয়ে বিভাগীয় কমিশনার অফিসের মাধ্যমে সেক্টর ভিত্তিক নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক প্রশিক্ষণ কর্মশালার জন্য এটুআই কর্তৃক বরাদ্দকৃত ৭৩,০২,৪০০ (তেয়াত্তর লক্ষ দুই হাজার চারশত) টাকা প্রেরণ করা হয়।

(৫৭) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন Building Capacity for the use of Research Evidence (BCURE) শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের অনুকূলে ২০১৬-২০১৭ অর্থ বছরের বাজেটের কোয়ার্টারভিত্তিক আয় ও ব্যয়ের পরিকল্পনা প্রণয়নপূর্বক পরিকল্পনা ও বাজেট শাখায় প্রেরণ করা হয়।

(৫৮) 'পরিকল্পনা ও গবেষণা' নামক নতুন অনুবিভাগ সৃজন সংক্রান্ত পত্রটি এ বিভাগের উপসচিব, সংস্থাপন অধিশাখা বরাবর প্রেরণ করা হয়।

(৫৯) কোরিয়া সরকার কর্তৃক Knowledge Sharing Program (KSP)-এর আওতায় National Integrity Strategy (NIS) বাস্তবায়নে কারিগরি সহায়তা প্রদানের বিষয়ে প্রাথমিক আলোচনার জন্য ২৯ আগস্ট ২০১৬ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব (সংস্কার) মহোদয়ের সভাপতিত্বে SSPS সভা কক্ষে (পরিবহণ পুল ভবন, ৮ম তলা, সচিবালয় লিংক রোড, ঢাকা) একটি সভা অনুষ্ঠিত হয়।

(৬০) Fast Track Project মনিটরিং কমিটির ০৭ জানুয়ারি ২০১৫ তারিখে অনুষ্ঠিত তৃতীয় সভার সিদ্ধান্ত অনুসারে পরিকল্পনা গ্রহণ ও অনুমোদনের বিষয়ে দীর্ঘ মেয়াদে কাঠামোগত পরিবর্তনের জন্য সুপারিশমালা প্রণয়ন সংক্রান্ত একটি সভা ০৮ আগস্ট ২০১৬ তারিখে মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

(৬১) স্বাধীনতা পুরস্কার ২০১৭-এর জন্য প্রস্তাব আহ্বান করা হয়।

(৬২) ২১ আগস্ট ২০১৬ তারিখে জনস্বার্থ-সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা প্রদান) বিধিমালা ২০১৫-এর খসড়া চূড়ান্তকরণ সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়।

(৬৩) ৪ আগস্ট ২০১৬ তারিখে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সঙ্গে ২০১৬-১৭ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়।

(৬৪) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ হতে প্রাপ্ত ২০১৫-১৬ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পদান চুক্তির মূল্যায়ন প্রতিবেদনসমূহ পর্যালোচনাপূর্বক প্রাথমিক মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করা হয়।

(৬৫) ১৬-১৭ এবং ২০-২১ আগস্ট ২০১৬ তারিখে যথাক্রমে খুলনা ও ঢাকা বিভাগের বিভাগীয়/আঞ্চলিক পর্যায়ের কর্মকর্তাদের জন্য সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

(৬৬) ০৯ আগস্ট ২০১৬ তারিখে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়।

গ. আগামী দুই (জুলাই-আগস্ট) মাসে সম্পাদ্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক অনুষ্ঠান।

(২) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন-অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠান।

(৩) সরকারি ক্রয় সংক্রান্ত এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক অনুষ্ঠান।

(৪) প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৫) জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা অনুষ্ঠান।

(৬) আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৭) সমরপুস্তক হালনাগাদকরণ সংক্রান্ত কার্যাবলি।

(৮) ১৯৮৯ সালে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের দলিলাদি সংরক্ষণের মেয়াদ ২৫ বছর অতিক্রান্ত হওয়ায় তা জাতীয় আরকাইভসে হস্তান্তর সংক্রান্ত কার্যক্রম।

(৯) ‘Preparatory Phase of Civil Registration and Vital Statistics in Bangladesh’ শীর্ষক প্রস্তাবিত প্রকল্পের অনুমোদন প্রক্রিয়া সম্পাদন।

(১০) জেলা-সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ১৭৯তম সভা অনুষ্ঠান।

(১১) সিআরভিএস বাস্তবায়ন কমিটির তৃতীয় সভা অনুষ্ঠান।

(১২) নিকার-এর ১১৩তম সভা অনুষ্ঠান।

(১৩) নতুন উপজেলা ও থানা স্থাপন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠিত হতে পারে।

(১৪) Civil Registration and Vital Statistics in Bangladesh শীর্ষক প্রকল্প প্রস্তাব প্রণয়ন।

(১৫) আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি কমিটির সভা হতে পারে।

(১৬) স্বাধীনতা পুরস্কার ২০১৭-এর জন্য প্রস্তাব আহ্বান করা হবে।

(মুহাম্মাদ আসাদুল হক)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৫৭৪৪৯
e-mail: report_sec@cabinet.gov.bd